

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৭৭১

আগরতলা, ১০ জুলাই, ২০২৪

এইচআইভি : সংবাদে প্রকাশিত তথ্য
২০০৭ থেকে ২০২৪ সময়ের

ত্রিপুরায় জাতীয় এইডস নিয়ন্ত্রণ কর্মসূচি ১৯৯৯ সালের এপ্রিল মাসে চালু হয়েছিল। গত ২৫ বছর ধরে ত্রিপুরা স্টেট এইডস কন্ট্রোল সোসাইটি এইচআইভি সংক্রমণ নিয়ন্ত্রণে জাতীয় এইডস কন্ট্রোল অর্গানাইজেশনের (ন্যাকো) নির্দেশিকা অনুসারে কাজ করছে। সম্প্রতি বিভিন্ন সংবাদমাধ্যমে একটি তথ্য প্রচারিত হচ্ছে যে, রাজ্যে ২২৮ জন ছাত্রছাত্রীর এইচআইভি পজেটিভ সনাক্ত হয়েছে এবং তাদের মধ্যে ৪৭ জন মারা গেছে। প্রচারিত এই সংবাদটি বিভ্রান্তিকর। ত্রিপুরা স্টেট এইডস কন্ট্রোল সোসাইটি এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের পক্ষ থেকে জানানো যাচ্ছে যে, সংবাদে প্রচারিত এই সংখ্যা ১৭ বছরের (এপ্রিল, ২০০৭ থেকে মে, ২০২৪ পর্যন্ত) এবং এই ৮২৮ জন ছাত্রছাত্রীর প্রত্যেকেই ন্যাকোর নির্দেশিকা অনুসারে বিনামূল্যে অ্যান্টি রেট্রো ভাইরাল থ্যারাপি পেয়েছে। দুর্ভাগ্যবশত ৪৭ জন ছাত্রছাত্রী পূর্ব উল্লেখিত সময়ে মারা গেছে। ত্রিপুরা স্টেট এইডস কন্ট্রোল সোসাইটির প্রজেক্ট ডিরেক্টর ড. সমর্পিতা দত্ত এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।
